প্রধান (মনিটরিং), বিএডিসি
মুখ্য (?) | ব্যবস্থাপক
উপ-১/২ | প্রোগ্রামার
সপ্রক-১/২ | সব্যক-১/২/৩
অন্যান্য :
ডায়েরী নং- [illegible]
তাং- ২২/০৬/২০২৬
প্রধান (মনিটরিং)

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষিই সমৃদ্ধি"

কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর
www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২৭১.৪৬.০২২.২৩-৬৭২৯

তারিখঃ ০৪ আষাঢ় ১৪৩৩ / ১৮ জুন ২০২৬

বরাবর
১। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার)
বিএডিসি, ঢাকা।

২। প্রকল্প পরিচালক (বীউ)
বিএডিসি, ঢাকা।

Programmer
২২.০৬.২৬

**বিষয় : ২০২৫-২৬ বর্ষে বিএডিসি'র মাধ্যমে হাইব্রিড ভুট্টা বীজ সংগ্রহ কর্মসূচি।**

সূত্র : প্রকল্প পরিচালক (বীউ) এর ইউ.ও.নোট নম্বর-১২.০৬.০০০০.২৮২.৯৯.০০৫.২৫.১৬৫৭; তারিখ: ১৪ জুন ২০২৬

চলতি ২০২৫-২৬ বর্ষে খামার বিভাগ এবং ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্পের অধীন উৎপাদিত হাইব্রিড ভুট্টা বীজের সংগ্রহ লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলোঃ

| ক্র: নং | বিভাগ/প্রকল্পের নাম | হাইব্রিড ভুট্টা বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে. টন) | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | হাইব্রিড (মানঘোষিত) | মোট | ১১৫তম সিড প্রমোশন কমিটি'র সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৫.৫০০ মে.টন এবং বীউ প্রকল্প হতে প্রাপ্ত ইউ.নোট.নম্বর-১৬৫৭; তারিখ: ১৪ জুন ২০২৬ অনুযায়ী ৬.৩৭৫ মে.টনসহ সর্বমোট ৩১.৮৭৫ মে.টন |
| ১ | খামার বিভাগ | ২১.৮৭৫ | ২১.৮৭৫ | |
| ২ | ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প | ১০.০০০ | ১০.০০০ | |
| | মোট | ৩১.৮৭৫ | ৩১.৮৭৫ | |

২। ২০২৫-২৬ বর্ষে প্রকল্পওয়ারি হাইব্রিড ভুট্টা বীজ সংগ্রহের বিভাজন পরিশিষ্ট-'ক' তে দেখানো হলো। ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প উত্তোলন কর্মসূচি জারি করবে।

৩। বিভাগ/প্রকল্প পরিচালকগণ লক্ষ্যমাত্রা অনুযায়ী কেন্দ্রওয়ারি হাইব্রিড ভুট্টা বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা জারি করবেন।

৪। বীজ সংগ্রহকারী সংশিস্নষ্ট কর্মকর্তাগণকে নিশ্চয়তা বিধান করতে হবে যে, কেবল অনুমোদনপ্রাপ্ত প্লটের বীজ চাষি কর্তৃক যথাসময়ে কর্তন, মাড়াই, পরিষ্কারকরণ এবং প্রাথমিকভাবে শুকানোর মত কার্যাদি যথেষ্ট সতর্কতার সাথে সম্পাদন করা হয়েছে।

৫। বীজ সংগ্রহের ক্ষেত্রে 'মাঠমান' ও 'বীজমান' নিশ্চিত হয়ে বীজ সংগ্রহ করতে হবে।

৬। উপপরিচালক (বীউ) বীজের গুণগত মান নিশ্চিত না হওয়া পর্যন্ত সাময়িকভাবে বীজ উৎপাদন কেন্দ্রের ট্রানজিট সিড স্টোরে সংরক্ষণ করবেন।

৭। বীজ গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ১০ দিনের মধ্যে চূড়ান্ত প্রাপ্তি স্বীকার পত্র অবশ্যই প্রদান করতে হবে। গৃহীত বীজের গুণগত মান অক্ষুণ্ণ রাখার দায়িত্ব সংশ্লিষ্ট বীউ কেন্দ্রের বীজের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের উপর বর্তাবে। গৃহীত বীজের চালানে বীজের নাম, শ্রেণি, উৎপাদন বর্ষ, পরিমাণ, লট নম্বর, কেন্দ্রের নাম, অংকুরোদগম ক্ষমতাসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখ করতে হবে এবং বীজ সরবরাহকারী কর্মকর্তাকে সরবরাহ নিশ্চিত করতে হবে। বীজ সংগ্রহকালে বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা ও আর্দ্রতা নির্ধারিত মান অনুযায়ী থাকতে হবে।

চলমান পাতা-২

৮। সংগ্রহ লক্ষ্যমাত্রা অনুযায়ী ভুট্টা বীজ নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ/উত্তোলন/পরিবহন ও বীউ কেন্দ্রে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। ভুট্টা বীজ ফসল কর্তনের সাথে সাথে মাড়াই, শুকানো এবং পরিষ্কারের পর দ্রুত সংগ্রহ কেন্দ্রে পরিবহন ও সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও প্রকল্প পরিচালক (বীউ) ব্যক্তিগতভাবে উদ্যোগী হবেন। ফসল কর্তক পরবর্তী মান নিয়ন্ত্রণের প্রতিটি ধাপ যেন যথাযথভাবে প্রতিপালিত হয় সে ব্যবস্থা অবশ্যই গ্রহণ করতে হবে। ভুট্টার মোচা সংগ্রহের সময় বিরুপ আবহাওয়া থাকলে প্রয়োজনে আর্টিফিসিয়াল ড্রাইং এর মাধ্যমে মোচাসহ শুকিয়ে বীজ মাড়াই করে দ্রুত কাঙ্খিত আর্দ্রতায় নিয়ে আসতে হবে।

৯। ভুট্টা বীজ সংগ্রহ কার্যক্রম আগামী **৩০/০৬/২০২৬** তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ব্যক্তিগতভাবে উদ্যোগ নিবেন এবং বীজ সংগ্রহ কাজ নিয়মিত মনিটরিং করবেন। বীজ সংগ্রহ, সংরক্ষণ ও মান অক্ষুণ্ণ রাখার স্বার্থে বীজ প্রযুক্তিগত প্রতিটি ধাপ যেন সতর্কতার সাথে প্রতিপালিত হয় সে ব্যবস্থা অবশ্যই গ্রহণ করতে হবে। বীজ ফসল কর্তনের পর থেকে সময় অতিক্রমের সাথে সাথে অংকুরোদগম ক্ষমতা কমতে থাকে বিধায় এ সময়সীমা আর বৃদ্ধি করা হবে না।

১০। প্রকল্প পরিচালক সংগ্রহ লক্ষ্যমাত্রা অনুযায়ী হাইব্রিড ভুট্টা বীজ উত্তোলন ও সংরক্ষণের অগ্রগতি মনিটরিং করবেন এবং এর বিভাজন অনুযায়ী সাপ্তাহিক অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করবেন। সংগ্রহ শেষে চূড়ান্ত রিপোর্ট আগামী **১০/০৭/২০২৬** তারিখের মধ্যে দাখিল করতে হবে।

১১। **শুধুমাত্র পরিদর্শনকৃত বীজ প্লট হতে বীজ সংগ্রহ করতে হবে।**

১২। চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নে জাতের উৎকর্ষতার প্রতিবেদন নির্দিষ্ট ছক (সিজি ফরম নং-২৯/Guide for Management of Seed Production Through Contract Growers, 2nd Edition, 2012) (পরিশিষ্ট-খ) অনুযায়ী সংযুক্ত করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে পরিশিষ্ট-'ক' ও 'খ' ২(দুই) প্রস্থ।

মো: আবীর হোসেন
(পরিচিতি নং- ০২০১৩৫)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ফোন: ০২-২২৩৩৫৭৩১৪

**অনুলিপি (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসরে নয়):**

১। যুগ্মপরিচালক (বীজ পরীক্ষাগার), বিএডিসি, বীজভবন, গাবতলী, মিরপুর, ঢাকা।
২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা।
৩। প্রধান (মনিটরিং) ও কো-অর্ডিনেটর, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (বিএডিসি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

১। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট-ক

## ২০২৫-২৬ উৎপাদন বর্ষে বিএডিসি'র বিভিন্ন বিভাগ/প্রকল্পের মাধ্যমে হাইব্রিড ভুট্টা বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা

(হিসাব: মে.টন)

| ১১৫তম সিড প্রমোশন কমিটি'র সিদ্ধান্ত মোতাবেক ভুট্টা বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | বীজের জাত | খামার বিভাগ | | ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প | | বিভাগ/প্রকল্পের মোট বীজ উৎপাদন কর্মসূচি | | মন্তব্য |
| | | মানঘোষিত | মোট | মানঘোষিত | মোট | মানঘোষিত | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | বারি হাইব্রিড ভুট্টা-১৭ | ৫.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১০.০০০ | ১০.০০০ | |
| ২ | বিডাব্লিউএমআরআই হাইব্রিড ভুট্টা-২ | ৫.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ৫.০০০ | ১০.০০০ | ১০.০০০ | |
| ৩ | বি ৩৩৫৫ | ৫.৫০০ | ৫.৫০০ | | | ৫.৫০০ | ৫.৫০০ | |
| | **মোট** | **১৫.৫০০** | **১৫.৫০০** | **১০.০০০** | **১০.০০০** | **২৫.৫০০** | **২৫.৫০০** | |
| ধান, গম ও ভুট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্পের ইউ.ও.নোট নম্বর ১২.০৬.০০০০.২৮২.৯৯.০০৫.২৫.১৬৫৭; তারিখ: ১৪ জুন ২০২৬ এর পরিপ্রেক্ষিতে ভুট্টা বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা | | | | | | | | |
| ৪ | এডভ্যান্টা | ০.৯৭৫ | ০.৯৭৫ | | | ০.৯৭৫ | ০.৯৭৫ | |
| ৫ | বি-৩৩৫৫ (ফিমেইল) | ৪.৯০০ | ৪.৯০০ | | | ৪.৯০০ | ৪.৯০০ | |
| ৬ | বি-৩৩৫৫ (মেইল) | ০.৫০০ | ০.৫০০ | | | ০.৫০০ | ০.৫০০ | |
| | **মোট** | **৬.৩৭৫** | **৬.৩৭৫** | ০.০০০ | ০.০০০ | **৬.৩৭৫** | **৬.৩৭৫** | |
| | **সর্বমোট** | **২১.৮৭৫** | **২১.৮৭৫** | **১০.০০০** | **১০.০০০** | **৩১.৮৭৫** | **৩১.৮৭৫** | |

২৭/০৬/২৬
মীর এনামুল হক
পরিচিতি নং-০২০২৭০
উপব্যবস্থাপক (কর্মসূচি)
মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর
বিএডিসি, ঢাকা।

২৭/০৬/২০২৬
মোঃ শওকতুল ইসলাম
পরিচিতি নং-০২০১৫১
ব্যবস্থাপক (কর্মসূচি)
মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর
বিএডিসি, ঢাকা।

মোঃ আবীর হোসেন
পরিচিতি নং-০২০১৩৫
মহাব্যবস্থাপক (বীজ)
(চলতি দায়িত্ব)
বিএডিসি, ঢাকা।

E:\S-Pc-2\Corn\2025-26\সংগ্রহ লক্ষ্যমাত্রা\ম্যাট্রিক্স

পরিশিষ্ট-'খ'

(CG Form No-29)

Appendix 19.1 Format for Preparation of Report on the Performance of Variety

# জাতের উৎকর্ষতা সম্পর্কিত প্রতিবেদন

(সঠিক উত্তরের জন্য নির্দিষ্ট ঘরে (√) টিক চিহ্ন দিন/পূরণ করুন)

কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোন ....................................

জেলার নাম : .................................. উপজেলার নাম : ..................................

এ ই জেড এর নাম ও ক্রমিক নম্বর: ...........................................................................

১। ফসলের নাম ........................ ২। জাত ....................... ৩। উৎপাদন বর্ষ .......................... ৪। জীবন চক্র ..........দিন

৫। গাছের বৃদ্ধি: (ক) গাছের বৃদ্ধির গতি: ধীর ☐ মাধ্যম ☐ দ্রুত ☐

(খ) পাতার রং: হালকা সবুজ ☐ সবুজ ☐ গাঢ় সবুজ ☐

(গ) পাতার অবস্থান: ছড়ানো ☐ খাড়া ☐

(ঘ) কান্ড: নরম ☐ সাধারণ ☐ শক্ত ☐

(ঙ) গাছের উচ্চতা ..........................সেন্টিমিটার।

(চ) কুশীর সংখ্যা ...........................টি গড়ে।

৬। ফুল আসার বৈশিষ্ট্য: (ক) বীজ বপন হতে সময়সীমা ...................দিন।

(খ) চারা রোপণ হতে সময়সীমা ................. দিন।

(গ) সকল গাছে ফুল ধরে: এক সাথে ..................দিন ব্যাপী।

৭। রোগ বালাই ও পোকা মাকড় আক্রমণ .................. ....................... ............................ (নাম ও আক্রান্ত হবার প্রবণতা)

৮। ফসল মাড়াই: সহজ সাধ্য ☐ কষ্ট সাধ্য ☐

৯। একর প্রতি ফলন: (ক) দানা ................ কেজি হতে .............. কেজি, গড়ে ..................... কেজি

(খ) উপজাত-খড় ইত্যাদি: ....................... কেজি।

১০। বীজের গুণাগুণ: (ক) দানার রং ................

(খ) দানার কাল দাগের শতকরা হার ........................

(গ) আকার: চিকন ☐ মাঝারী ☐ মোটা ☐

১১। ১০০০ দানার ওজন: ............................... গ্রাম।

১২। বাজারে চাহিদা (ক) বীজ হিসেবে ...................... ......................... ........................

(খ) খাদ্য হিসেবে ...................... ......................... ........................

১৩। ভবিষ্যৎ সম্ভাবনা: ...................... ......................... ........................

১৪। অন্যান্য গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য/বিষয়: ......................... ......................... .........................

...................... ...................... ......................... ......................... .........................

মূল্যায়নকারীর স্বাক্ষর
পদবী ও তারিখ